# সুষ্ঠু জাতীয় ভোটে অনুকূল পরিবেশই মুখ্য চ্যালেঞ্জ: জোনায়েদ সাকি



সংগৃহীত ছবি

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি বলেছেন, জাতীয় নির্বাচন ঘিরে চলমান নানা আশঙ্কা কাটিয়ে স্বচ্ছ ও সময়ে ভোট আয়োজনের দায়িত্ব এখন নির্বাচন কমিশন ও সরকারের। তার দাবি, নির্বাচনকে কেন্দ্র করে কোনো বিশৃঙ্খলা নয়, বরং স্থিতিশীল পরিবেশ তৈরিই হবে সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

শনিবার (৬ ডিসেম্বর) টাঙ্গাইল শহরে কৃষক, শ্রমিক ও প্রান্তিক মানুষের ন্যায্য দাবির পক্ষে আয়োজিত মাথাল মার্কার মিছিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। শহরের পৌর উদ্যান থেকে শুরু হওয়া মিছিলটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ মিনারে গিয়ে শেষ হয়। এতে ফাতেমা রহমান বীথি, তুষার আহমেদ ও ফারজানা জেসমিনসহ স্থানীয় নেতারা অংশ নেন।

সাকি বলেন, “নির্বাচনের পরিবেশ শুধু আইনশৃঙ্খলার বিষয় নয়; কমিশন, সরকার ও রাজনৈতিক দলগুলোর সমন্বিত উদ্যোগের ওপরই নির্ভর করবে পুরো প্রক্রিয়া।” তিনি প্রস্তাব করেন, নির্বাচনী পরিবেশ পর্যবেক্ষণ ও সমাধানের জন্য একটি কার্যকর ‘সমন্বয় কমিটি’ গঠন জরুরি।

LENS ASIA

রাজনৈতিক সংস্কারের প্রসঙ্গ তুলে তিনি বলেন, ভোটব্যবস্থা ও সংবিধান সংস্কারের জন্য পৃথক একটি ‘সংস্কার পরিষদ’ নির্বাচন প্রয়োজন, যা দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রার জন্য অপরিহার্য।

তিনি আরও অভিযোগ করেন, পরাজিত ফ্যাসিস্ট চক্র নিজেদের স্বার্থে নির্বাচন প্রক্রিয়া অস্থিতিশীল করতে মরিয়া। সুষ্ঠু নির্বাচনের স্বার্থে এসব অপচেষ্টা প্রতিহত করতে জনগণ ও রাজনৈতিক শক্তির সম্মিলিত অবস্থান প্রয়োজন বলে তিনি মন্তব্য করেন।